গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কেশব চন্দ্র কলেজ, ঝিনাইদহ।
কলেজ কোড (শিক্ষা বোর্ড)-6752, কলেজ কোড (জাতীয় বিশ্ববিদ্যালয়)- 0601, কলেজ কোড (মাউশি)- 0216, EIIN-116552
স্থাপিত : ১৯৬০, সরকারিকরণ : ১৯৮০, টেলিফোন : ০২৪৭৭৭৪৬৯১১, ই-মেইল : govtk.c.collegejhenidah@gmail.com, ওয়েব সাইট : www.kccollege.edu.bd

স্মারক নং-স.কে.চ.ক.ঝি/২০২৫/.২২৪ তারিখ : ০৩/০৩/২৫

২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি ঃ

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান পরীক্ষা ২০২০ এবং তৎপূর্ববর্তী বছর এস.এস.সি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৯ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। ভর্তির তারিখ, ফিসের পরিমান, ভর্তির যোগ্যতা ও অন্যান্য নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। ভর্তির তারিখ ও ফিসের পরিমান ঃ

আবেদন ফরম সংগ্রহ ও জমার তারিখ	ফিসের বিবরণ					সর্বমোট
	আবেদন ফরম	তালিকাভুক্তি ফিস	নির্বাচনী পরীক্ষার ফিস	ব্যবস্থাপনা	বিবিধ	
০৩/০৩/২০২৫ খ্রি. হতে ০৬/০৩/২০২৫ খ্রি. পর্যন্ত	৫০/=	১০০/=	২৪০/=	৫০/=	১০০/=	৫৪০/=

২। প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।

৩। প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবল মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলামী শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতিত সে সমস্ত বিষয়/বিষয় সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না । প্রাইভেট পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

৪। বোর্ডে কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ইচ্ছা করলে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫। শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারীর তারিখে অন্তত ৩ বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট দিতে হবে।

৬। পুলিশ ও প্রতিরক্ষা বাহিনী প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারীর তারিখে কমপক্ষে ০১ বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সম পর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

৭। কোন শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতি লেখক (স্ক্রইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেনীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে শ্রুতি লেখক (স্ক্রইব) নিয়োজিত করতে হবে।

৮। প্রাইভেট পরীক্ষার্থীদের কে নির্বাচনী (টেষ্ট) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। তাদের কে আবশ্যিক বিষয় বাংলা, ইংরেজী ও আইসিটিসহ অন্য যে কোন ৩টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রত্যেক বিষয়ে পূর্ণমান ১০০ এবং সময় ৩ ঘন্টা।

৯। প্রাইভেট পরীক্ষার্থীদের নির্ধারিত তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন করতে হবে। উক্ত রেজিষ্ট্রেশন শুধু ১(এক) বছরের জন্য বলবৎ থাকবে।

১০। প্রাইভেট পরীক্ষাথীদের গৃহীত বিষয় সমূহ পাঠ্যসূচীতে উল্লেখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বর্হিভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১১। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক অত্র কলেজে ফি জমা দিতে হবে।

১২। বাংলাদেশের আওতাধীন কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি। এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ভুয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে। সম্প্রতিকালে উঠানো তিন কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে। এককপি আইকা আঠা দিয়ে আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে লাগাতে হবে। অপর দুই কপি খামের মধ্যে আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

১৩। ক) মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপরপৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপরপৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপরপৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৬ বা তৎপূর্বর্তী বছরের এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

03.03.2025

অধ্যক্ষ
সরকারি কেশব চন্দ্র কলেজ
ঝিনাইদহ।

অধ্যক্ষ
সরকারি কেশব চন্দ্র কলেজ
ঝিনাইদহ।